বাংলাদেশ এখন উন্নয়নশীল রাষ্ট্রে পরিণত হয়েছে

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, সারা বাংলাদেশ এখন শান্তির জনপদে পরিণত হয়েছে। আমরা নিম্ন আয়ের দেশ থেকে বের হয়ে আমরা এখন উন্নয়ন শীল রাষ্ট্রে পরিণত হয়েছি। সারা বাংলাদেশ উন্নয়নের রোল মডেল এ পরিণত হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের চারতলা বিশিষ্ট ফজিলাতুন নেছা একাডেমিক ভবনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, একটা বিষয় আমাদের মনে রাখতে হবে প্রত্যেকটা কাজের জন্য পরিকল্পনা দরকার পরিকল্পনা ছাড়া আপনি আপনার লক্ষ্যে পৌঁছাতে পারবেন না। পরিকল্পনা যদি গলদ থাকে তাহলে কিন্তু আপনি আপনার সন্তানকে তৈরি করতে পারবেন না।

কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, শিক্ষা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল খালেক, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মো. মাহফুজুল হোসেন, মেহেরপুর শিক্ষা প্রকৌশলী অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মো. গোলাম মুত্তাকিন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের সাবেক সহ-সভাপতি আব্দুল হালিম সহ বিভিন্ন নেতাকর্মী এবং ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিদিন
বাঙালির যুক্তি, তর্ক ও ধর্মভাবনা
মুজিবনগর দিবস ও বাংলাদেশ
আধুনিক কৃষিতে গতি পেয়েছে অর্থনীতি

মেহেরপুর প্রতিদিন
বাণী
প্রকাশকের বাণী

মেহেরপুর প্রতিদিন

মেহেরপুর প্রতিদিন
ধাতুসুধায় লালনপাঠ
আধুনিক মেহেরপুর
মেরিন ইঞ্জিনিয়ারিং পেশা ও এর ভবিষ্যৎ

জন দুর্ভোগ সৃষ্টি

গত বৃহস্পতিবার রাতে হঠাৎ বৃষ্টিতে মুজিবনগর মেহেরপুর মহাসড়কে ইটভাটায় মাটি পরিবহনের সময় রাস্তায় পড়ে থাকা মাটি পিচ্ছিল হয়ে বিপদজনক হয়ে ওঠে। সৃষ্টি হয় জনদুর্ভোগের। সংবাদ পেয়ে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস তড়িৎ পদক্ষেপে গ্রহন করে অভিযান পরিচালনা করেন।

এ সময় তিনি ভাটার মালিকদের দিয়ে রাস্তা পানি দিয়ে ধুয়ে পরিস্কার করে নেন। সেই সাথে ভবিষ্যতে রাস্তায় মাটি ফেলে দুর্ভোগ সৃষ্টি করলে তাদের বিরুদ্ধে আইনআনুগ ব্যাবস্থা গ্রহন করা হবে বলে সতর্ক করেন।

এ সময় উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

গাংনীতে ডা.সাগরের উদ্যাগে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

মেহেরপুরের গাংনী আওয়ামীলীগের প্রতিষ্ঠাতা সভাপতি সাবেক সংসদ সদস্য মরহুম নুরুল হক এর পুত্র ডা. এ এস এম নাজমুল হক সাগরের উদ্যোগে জাতি জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে গাংনী নিজ দলীয় কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে উপজেলা মধ্যস্থ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে, র্যালি একই স্থানে গিয়ে শেষ হয়।

নুরুল হক এর এর কন্যা খালেদা খানম ফেন্সি এর সভাপতিত্বে মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সহ-সভাপতি শাজাহান আলীর সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক

জিয়াউর রহমান জিয়া, সহ-সভাপতি সাখাওয়াত হোসেন,নাসিম সরোয়ার বাবু,মটমুড়া কৃষক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ চঞ্চল,জেলা ছাত্রলীগের উপ গবেষণা বিষয়ক সম্পাদক জয় আহমেদউপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না, তরিকুল ইসলাম উজ্জ্বল, রাসেল রানা, হাফিজুর রহমান হাফি। মটমুড়া ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহারুল ইসলাম, সাবেক ছাত্রনেতা চপল ও কনক উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া ও কেক কাটা হয়।

মুজিবনগরে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

মুজিবনগরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলী প্রদান আলোচনা সভা, দেওয়াল লিখন, পুরস্কার বিতরণ, কেককাটা, সাংস্কৃতিক অনুষ্ঠান, দোয়া মাহফিল এর আয়োজন করে মুজিবনগর উপজেলা প্রশাসন।

দিবসটি পালন উপলক্ষে গতকাল শুক্রবার সকাল ৯ টার সময় প্রথমে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে মুজিবনগর মুক্তিযুদ্ধু স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল নেতৃত্বে মুজিবনগর পুলিশ প্রশাসনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এর নেতৃত্বে উপজেলা আওয়ামীলীগ মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে।

বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান এর নেতৃত্বে উপজেলা

মুক্তিযোদ্ধা সংসদ, মিরাজুল ইসলামের উপজেলা আনসার ব্যাটালিয়ন, টুরিস্ট পুলিশ,সভাপতি তকলিমা খাতুন ও সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে উপজেলা যুবমহিলা লীগ, সেচ্ছাসেবকলীগ এর সহসভাপতি মতিউর রহমান এর নেতৃত্বে সেচ্ছাসেবকলীগ, সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক শাহিনুর রহমান মানিক এর নেতৃত্ব উপজেলা কৃষকলীগ সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতি সংগঠন বঙ্গবন্ধু প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন।
এ সময় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা প্রকৌশলী খালিদ হোসেন, উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, যুবনেতা হাসানুজ্জামান লালটু উপস্থিত ছিলেন।

শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতা বঙ্গবন্ধুর আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

পরে সকাল সাড়ে দশটার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাসের সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুমে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা, পুরষ্কার বিতরণ ও জাতির জনক এর জন্মদিনের কেক কাটা হয় এবং সাংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

শুক্রবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয় উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ডক্টর মোঃ মুনসুর আলম খান জেলা প্রশাসক

মেহেরপুর, আলোচনা সভার প্রধান বক্তা ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ।

বিশেষ অতিথি মোঃ রাফিউল আলম পুলিশ সুপার মেহেরপুর, এডভোকেট মোঃ আব্দূস সালাম চেয়ারম্যান জেলা পরিষদ মেহেরপুর, এডভোকেট পল্লব ভট্টাচার্য পাবলিক প্রসিকিউটর জজ কোর্ট মেহেরপুর, প্রফেসর মোঃ হাসানুজ্জামান মালেক সভাপতি বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ মেহেরপুর, মোঃ আব্দুস সামাদ বাবলু বিশ্বাস চেয়ারম্যান পিরোজপুর ইউনিয়ন পরিষদ, এডভোকেট ইব্রাহিম শাহিন যুগ্ন সম্পাদক জেলা আওয়ামী প্রমুখ উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষে কেক কেটে জন্মদিন পালন করা হয় এসময় ছোট ছোট শিশুরা উপস্থিত থেকে কেক কাটায় অংশগ্রহণ করেন।জন্মদিন উপলক্ষে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়ে বিজয়ীদের সন্মানিত করে পুরুস্কার তুলে দেন।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত ও দোয়া মোনাজাত করা হয়।

মেহেরপুরে ছাত্রলীগ নেতা ইব্রাহীমের নেতৃত্বে বঙ্গবন্ধুর জন্মদিন পালন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ছাত্রলীগ ছাত্রনেতা ইব্রাহীম এর নেতৃত্ব কেক কাটা অনুষ্ঠিত হয়।

শুক্রবার রাতে কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার প্রকাশনা কমিটির অন্যতম সদস্য এম এ এস ইমনের কার্যালয়ে এ কেক কাটা হয়।

বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে ইব্রাহীম বলেন,বঙ্গবন্ধু জন্মেছিলো বলেই বাংলাদেশ নামক স্বাধীন রাষ্ট্র পেয়েছি। ৭৫ এর ১৫ আগস্ট সকল শহীদদের প্রতি ও জাতীয় চার নেতা,সকল ভাষা সৈনিক ও

মুক্তিযুদ্ধাদের প্রতি গভির শ্রদ্ধার সাথে স্বরন করছি। বঙ্গবন্ধুর শপথ নিয়ে,আগামী স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে আমরা মেহেরপুর জেলা ছাত্রলীগ সবসময় প্রস্তুত আছি, আগামী দ্বাদশ নির্বাচন ২০২৪ বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ইনান ভাইয়ের নেতৃত্বে মেহেরপুর জেলা ছাত্রলীগ সর্বোচ্চ ভূমিকা রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সদস্য আশিক মাহমুদ, রেদুয়ান আকাশ,আসিব,শাকিল,সাকিব,হিরা,সৌরভ আরো নেতা কর্মী।

স্কাউটসের ‘মেডেল অফ মেরিট’ অ্যাওয়ার্ড এ ভূষিত হয়েছেন মেহেরপুরের উজ্জল

বাংলাদেশ স্কাউটস এর সম্মানসূচক ‘মেডেল অফ মেরিট’ অ্যাওয়ার্ড এ ভূষিত হয়েছেন মেহেরপুরের ফররুখ আহমেদদ উজ্জল। করা হয়েছে। ইতিপূর্বে তিনি খুলনা বিভাগের শ্রেষ্ঠ সম্পাদক হওয়ার গৌরব অর্জন করেছেন।

বাংলাদেশ স্কাউটসের ৫১ তম বার্ষিক কাউন্সিল অধিবেশনে তাকে সম্মানে ভূষিত করা হয়। তিনি মেহেরপুর জেলা রোভারের সম্পাদক ও ছহিউদ্দিন ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক।

ফররুখ আহমেদ উজ্জল প্রায় ২০ বছর স্কাউট আন্দোলনের সাথে যুক্ত রয়েছেন। এবং জেলা রোভারের সম্পাদকসহ বিভিন্ন পদ ও রোভার স্কাউটের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা উপ কমিটির সদস্য হিসাবে দায়িত্ব পালন করেছেন।

মেহেরপুর মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন ১৩ মে

আগামী ১৩ মে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নির্বাচন অনুষ্ঠিত হবে। একই সঙ্গে সদর, গাংনী ও মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদেরও নির্বাচন অনুষ্ঠিত হবে।

গত ১৪ মার্চ নির্বাচন কমিশনের আদেশক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব(প্রশাসন) রঞ্জিত কুমার দাস স্বাক্ষরিত নির্বাচন তফসিল সংক্রান্ত এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

গণবিজ্ঞপ্তিতে জানা গেছে, আগামী ১৯ মার্চ খসড়া ভোটার তালিকা প্রকাশ, ২২ মার্চের মধ্যে খসড়া তালিকা নিয়ে দাবি, আপত্তি ও সংশোধনীর আবেদন, ২৮ মার্চ খসড়া তালিকা দাবি আপত্তি নিয়ে শুনানী, ২এপ্রিল চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ।

নির্বাচন তফসিল অনুযায়ী, ৫ এপ্রিল বিকাল ৩ টার মধ্যে মনোনয়ন পত্র দাখিল, ৯ এপ্রিল মনোনয়ন পত্র বাছাই, ১১ এপ্রিল প্রার্থীতা বাতিলের বিরুদ্ধে আপিল, ১৩ এপ্রিল আপিল নিস্পত্তি, ১৬ এপ্রিল মনোনয়নপত্র প্রত্যাহার, ১৭ এপ্রিল চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ, ১৮ এপ্রিল প্রতীক বরাদ্দ এবং ১৩ মে সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ।

আমদহের নতুন চেয়ারম্যান টোকন

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী রওশন আলী টোকন নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী রওশন আলী টোকন ১২ হাজার

৩৭৪ ভোট পেয়ে বেসরকারিভাবে চেয়ারম্যান নির্বাচিত হন। তার নিকটতম প্রার্থী বর্তমান চেয়ারম্যান আনারুল ইসলাম ৬ হাজার ৯২৪ ভোট এবং জাতীয় পার্টির নজরুল ইসলাম ৭৫০ ভোট পান। গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা নির্বাচন অফিস মিলনায়তনে নির্বাচনী ফলাফল ঘোষণা করেন সদর উপজেলা নির্বাচন অফিসার ও আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের রিটার্নিং অফিসার দোলন কান্তি চক্রবর্তী।

২৫ হাজার ৪০ জন ভোটারের মন জয় করতে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। বৃহস্পতিবার সকাল ৮ টায় ভোটদান পর্ব শুরু হয়ে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত ভোটদান পর্ব চলে। আমদহ ইউনিয়নের ১০টি কেন্দ্রে ভোটারদের স্বতঃস্ফূর্ত উপস্থিতি লক্ষ্য করা গেছে। ২০ হাজার ৪৮ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। ১১৪ টি ভোট বাতিল হয়ে যায়।

এদিকে, নির্বাচনে সাধারণ সদস্য পদে যারা নির্বাচিত হয়েছেন। তারা হলেন, ১ নং ওয়ার্ডে আবুল হায়াত, ২ নং ওয়ার্ডে আক্কাস আলী, ৩নং ওয়ার্ডে দরুদ আলী, ৪ নং ওয়ার্ডে মাওলাদ হোসেন, ৫ নং ওয়ার্ডে ফিরোজ হোসেন, ৬ নং ওয়ার্ডে রেজাউল করিম, ৭ নং ওয়ার্ডে কাউসার আলী, ৮ নম্বর ওয়ার্ডে রেজাউল করিম এবং ৯ নং ওয়ার্ডে মোকাসেদ হোসেন।

এছাড়া সংরক্ষিত সদস্য পদে ১নং ওয়ার্ডে (১,২ ও ৩ নং ওয়ার্ড) পিপুলি খাতুন, ২ নং ওয়ার্ডে (৪,৫ ও ৬ নং ওয়ার্ড) মনিরা খাতুন এবং ৩নং ওয়ার্ডে (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) জেসমিন নির্বাচিত হয়েছেন।